**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**গণপূর্ত অধিদপ্তর**
**প্রগতি শাখা**

| | | |
|---|---|---|
| বিষয় | : | **আগস্ট/২০১৬ প্রাক-সমন্বয় সভার কার্যবিবরণী** |
| সভাপতি | : | জনাব মোঃ খোরশেদ আলম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস) |
| তারিখ ও সময় | : | ১১/০৮/২০১৬ইং,বৃহস্পতিবার, দুপুর ১২.০০ঘটিকা |
| স্থান | : | প্রধান প্রকৌশলীর সভাকক্ষ |
| উপস্থিতি তালিকা | : | সংযুক্ত |

সভাপতি সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিষয়ভিত্তিক আলোচনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরামর্শ দেন। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

আলোচ্যসূচী-১ ঃ **বিভিন্ন অনিস্পন্ন বিষয় সংক্রান্ত ঃ**

**আলোচনা ঃ** সভায় জানানো হয় গণপূর্ত অধিদপ্তর সর্ম্পকিত ৩৪টি অনিস্পন্ন আইটেমের মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) এর আওতাধীন ০৪টি এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) এর আওতাধীন ৩০টি আইটেম রয়েছে। এ পর্যায়ে সভাপতি বলেন,অনিস্পন্ন বিষয়সমুহ গুরুত্বের সাথে নিস্পন্ন করার সকল উদ্যোগ অব্যাহত রাখতে হবে ।

সেবা খাতের বিল পরিশোধ প্রক্রিয়া সহজিকরণের লক্ষ্যে পূর্ত চেকের বিষয়টি সম্পর্কে সভায় জানানো হয়, পূর্ত চেকের ব্যাপারে গণপূর্ত অধিদপ্তরের সুপারিশ প্রধান হিসাব রক্ষণ অফিস, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক গৃহীত হয়নি। বিষয়টি পর্যালোচনা করে পূর্বের নিয়মে বিল পরিশোধের পক্ষে মতামত প্রদান করা হয়েছে। সভাপতি বিষয়টি পুনঃ বিবেচনার জন্য পত্র প্রদানের উপর গুরুত্ব আরোপ করেন।

সভায় জানানো হয় অনিস্পন্ন বিষয় Single digit এ নামিয়ে আনার ব্যাপারে গণপূর্ত অধিদপ্তর সচেষ্ট রয়েছে। তাছাড়া যে সকল বিষয় অনিস্পন্ন অবস্থায় রয়েছে, সেগুলো প্রেরণের সময়সীমা নির্দিষ্ট করার উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন। তিনি তিন মাসের উর্ধে অনিস্পন্ন বিষয়গুলো নিস্পত্তি না হওয়ার কারণ সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করার উপরও গুরুত্ব আরোপ করেন। সভায় জানানো হয়, মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহের নিমিত্তে নির্ধারিত ছকে তথ্যাদিসহ প্রতিবেদন প্রেরণের জন্য নিদের্শনা প্রদান করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** (ক) অনিস্পন্ন বিষয়ের প্রতিবেদন জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।
(খ) ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিজ নিজ আওতাধীনের অনিস্পন্ন বিষয় সমূহের উপর মন্ত্রণালয়ের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কোন অবস্থাতেই অনিস্পন্ন বিষয় দুই মাসের অধিক অনিস্পন্ন রাখা যাবে না।
(গ) পূর্ত চেকের বিষয়টি পুনঃ বিবেচনা চেয়ে মন্ত্রণালয়ের বরাবরে পত্র লিখতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/(উন্নয়ন)(সমন্বয়)/ অডিট এন্ড মনিটরিং , গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আলোচ্যসূচী-২ঃ <u>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অব্যবহৃত জমির তথ্য ঃ</u>

**আলোচনা ঃ** সভায় জানানো হয়, গণপূর্ত অধিদপ্তর এর মালিকানাধীন অবৈধ দখলাধীন জমির বিষয়ে বিভিন্ন আদালতে চলমান মামলার প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।

সভায় জানানো হয়, ধানমন্ডি আবাসিক এলাকার ৫নং রোডের ৫ কাঠা জমি উদ্ধারের লক্ষ্যে রেকর্ড সংশোধনের জন্য জেলা প্রশাসক, ঢাকাকে পত্র প্রদান করা হয়েছে । রেকর্ড সংশোধনের জন্য সরকারী আইনজীবির (জিপি)মাধ্যমে ২য় যুগ্ম জেলা জজ আদালত, ঢাকায় দেওয়ানী মোকাদ্দমা নং ২৪২/২০১৬ দায়ের করা হয়েছে, যা স্মারক নং ১০৫৯(৬) তারিখঃ২৬/০৭/২০১৬ খ্রিঃ এর মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে এবং মন্ত্রণালয় সরকার পক্ষে যথাযথভাবে প্রতিদ্বন্দিতা করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে ।

বিভিন্ন জেলায় উচ্ছেদকৃত জমিতে প্রস্তাবিত প্রকল্পের সাইনবোর্ড লাগানোর জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। অধিকাংশ গণপূর্ত বিভাগ এই কার্যক্রম সম্পন্ন করেছে। সভাপতি যে সমস্ত গণপূর্ত বিভাগ এখনও সাইনবোর্ড লাগানোর কার্যএম সম্পন্ন করেনি, তাদের অনতিবিলম্বে সাইন বোর্ড লাগানোর কাজ সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** (ক) মামলার অগ্রগতি নিয়মিত ভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(খ) ধানমন্ডি আবাসিক এলাকার ৫নং রোডের ৫ কাঠা জমি উদ্ধারের বিষয়ে রেকর্ড সংশোধনী মামলার পরবর্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

(গ) যে সমস্ত গণপূর্ত বিভাগ সরকারি খালি জমিতে প্রকল্প প্রস্তাব সম্পর্কিত সাইনবোর্ড এখনও স্হাপন করেনি, তারা জরুরী ভিত্তিতে সাইনবোর্ড স্হাপন কাজ সম্পন্ন করবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা/ নির্বাহী প্রকৌশলী ঢাকা গণপূর্ত বিভাগ -২, ঢাকা।

আলোচ্যসূচী-৩ ঃ <u>অডিট আপত্তি ঃ</u>

**আলোচনা ঃ** সভায় জানানো হয়, পূর্ববতী মাস পর্যন্ত অডিট আপত্তির সংখ্যা ছিল ১০,৩৩০ টি এবং বর্তমান মাসে উৎপত্তি হয়েছে ১১৩টি অর্থাৎ মোট অডিট আপত্তির সংখ্য ১০,৪৪৩ টি। বর্তমান মাসে নিস্পত্তি হয়েছে ৫ টি। ফলে অবশিষ্ট ১০,৪৩৮ টি অডিট আপত্তির মধ্যে মাস শেষে স্থিতি সাধারন ৩৮৩৭ টি, অগ্রীম ৫৯০৫টি এবং খসড়া ৬৫৫টি।

বর্তমানে উল্লেখযোগ্য কোন পেন্ডিং আপত্তি নেই এবং দৈনন্দিন কর্মকান্ডের অংশ হিসাবে অনিস্পন্ন প্রক্রিয়াধীন আপত্তিসমুহ নূন্যতম সময়ের মধ্যে মন্তণালয়ে প্রেরণ করা হবে। দ্বি-পক্ষীয় সবা অনুষ্ঠান করার লক্ষ্যে বিগত ১৭/০৭/২০১৬ তারিখে গণপূর্ত অধিদপ্তরে ১০২টি গণপূর্ত বিভাগীয় অফিসে পত্র দেয়া হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** অডিট আপত্তি নিস্পত্তির যথাযথ উদ্যোগ অব্যাহত রাখতে হবে ।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও অডিট) এবং নির্বাহী প্রকৌশলী (অডিট), ঢাকা।

আলোচ্যসূচী-৪ ঃ (ক) আদালতে বিচারাধীন মামলা:

আলোচনা ঃ সভায় জানানো হয় পূর্ববর্তী মাস পর্যন্ত বিভিন্ন আদালতে মামলার সংখ্যা ছিল ১০০৮ টি এবং বর্তমান মাসে উৎপত্তি ৭ টি সহ মোট মামলার সংখ্যা ১০১৫ টি । মামলাগুলির ধরন নিম্নরুপ:

| | |
|---|---|
| ▪ মহামান্য সুপ্রীম কোর্টে সিভিল পিটিশন/লীভ টু আপীল | ০৯ টি |
| ▪ হাইকোর্টে এফ এ মোকদ্দমা | ২৩ টি |
| ▪ হাইকোর্টে রীট পিটিশন মোকদ্দমা | ৩৭৭ টি |
| ▪ হাইকোর্টে সিভিল রিভিশন মোকদ্দমা | ৯২ টি |
| ▪ প্রশাসনিক/ আপীল ট্রাইব্যুনাল এ, এ,টি মোকদ্দমা | ১২ টি |
| ▪ নিম্ন আদালত দেওয়ানী/ দেওয়ানী আপীল/ মিস মোকদ্দমা | ৫০০ টি |
| ▪ সার্টিফিকেট মামলা | ০২ টি |
| মোট= | ১০১৫ টি |

০২টি মামলা নিস্পত্তি হয়েছে, যার রায় সরকারের পক্ষে গিয়েছে। বর্তমানে অনিষ্পন্ন ১০১৩ টি মামলার মধ্যে জমি/সম্পত্তি সংক্রান্ত ৮৮৬ টি, চাকুরী সংক্রান্ত ৫৩টি, এবং অননুমোদিত নির্মাণ সংক্রান্ত ৭৪ টি। সভায় জানানো হয় নতুন ফরমেটে মামলার তথ্য দিতে হচ্ছে। সভাপতি আদালতে বিচারাধীন মামলার অগ্রগতি নিয়মিত ভাবে মন্ত্রণালয়ে প্রেরণ এর উপর গুরুত্ব আরোপ করেন। তিনি ০২/০৮/২০১৬ তারিখে প্রেরিত প্রতিবেদন নতুন ছক অনুযায়ী একই স্মারক ও তারিখে স্থালাভিষিক্ত দেখিয়ে প্রতিবেদন প্রেরনের পরামর্শ দেন।

**সিদ্ধান্ত ঃ** (ক) আদালতে বিচারাধীন মামলার প্রতিবেদন যথাসময়ে মন্তণালয়ে প্রেরণ এবং মামলাগুলো দ্রুত নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
(খ) নতুন ছক অনুসারে প্রতিবেদন প্রক্রিয়াকরণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) / আইন কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আলোচ্যসূচী-৪ ঃ (খ) বিভাগীয় শৃঙ্খলা মূলক মামলা:

আলোচনা ঃ সভায় জানানো হয় যে, ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের দূনীতি ও শৃঙ্খলা মূলক অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা ৩৯ টি। এর মধ্যে ২১ টি মামলা এক বছরের উর্দ্ধে, ছয় মাসের উর্দ্ধে ৪টি মামলা এবং তিন মাসের উর্দ্ধে ১০টি মামলা রয়েছে। ইতিমধ্যে ৪টি মামলা নিস্পত্তি হয়েছে।
তাছাড়া তৃতীয় এবং চতুর্থ শ্রেনীর কর্মচারীদের দূর্নীতি ও শৃঙ্খলা মূলক বর্তমানে অনিস্পত্তিকৃত বিভাগীয় মামলার মোট সংখ্যা-২০ টি। এক বছরের উর্দ্ধে ১৫ টি, ছয় মাসের উর্দ্ধে ২ টি, এবং তিন মাসের উর্দ্ধে ২টি মামলা রয়েছে। বর্তমান মাসে ১টি মামলা নিস্পত্তি হয়েছে। সভাপতি মামলার নথিসমুহ স্বচ্ছ ও নিরপেক্ষভাবে প্রক্রিয়াকরণের উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** (ক) মামলার তথ্যাদি নিয়মিতভাবে এবং সংশ্লিষ্ট সকল কাগজপত্র সমন্বয়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (তদন্ত), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আলোচ্যসূচী-৫ ঃ **ই-সেবা কার্যএম ঃ**

**আলোচনা ঃ** সভায় জানানো হয় মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা অনুযায়ী PWD Website বাংলায় রুপান্তর করে Website এ অর্ন্তভূক্ত করা হয়েছে ।

টেন্ডার বিজ্ঞপ্তি, নিয়োগ বিজ্ঞপ্তির সার্কুলার, Transfer Order, Promotion Order Upload, Audit related Order / Fund Allotment Order, NOC/GO এবং বিভিন্ন দাপ্তরিক নির্দেশনা/নোটিশ বোর্ডে upload করা হচ্ছে, অব্যবহৃত/অবৈধ দখল থেকে উদ্ধারকৃত জমির ডাটাবেইজ সফটওয়ার সম্পূর্ণ এবং অনলাইন এ ডাটাবেইজ upload (Acquired Land Data base), তথ্য শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের কর্মপরিকল্পনা (National integrity strategy),পরিবর্তিত ছক অনুযায়ী সিটিজেন চার্টার upload করন, বিভিন্ন জোন কর্তৃক মাসভিত্তিক অগ্রগতির প্রতিবেদন upload, তথ্য অধিকার আইন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার তালিকা, সকল কর্তব্যরত কর্মকর্তাদের Contact Information, অনলাইন সাময়িকী (পূর্ত বার্তা), E-Libraryর মাধ্যমে গুরুত্বপূর্ণ Document, Write up, Books, Journal Upload করা হচ্ছে। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির প্রতিবেদন (Annual Performance Agreement (APA),Menuজোন, সার্কেল,বিভাগ ভিত্তিক APA Format Down loadable From এ দেওয়া আছে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিদের্শনা অনুযায়ী ইতোমধ্যে ৫১৭ জন ক্যাডার কর্মকর্তার PMIS Registration সম্পুর্ন হয়েছে । নব নিয়োগকৃত ৩৪তম বিসিএস ক্যাডার কর্মকর্তাদের অর্ন্তভূক্ত করা হচ্ছে।

গত ১৬/০৬/১৬খ্রিঃ তারিখে মন্ত্রীপরিষদ বিভাগে অনুষ্ঠিত সেবা পদ্ধতি সহজীকরেনর অগ্রগতি ও বাস্তবায়ন পরিকল্পনা বিষয়ক তৃতীয় সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অত্র অধিদপ্তরের ওয়েবসাইট "Complain" মেনু Add করা হয়েছে, যার মাধ্যমে পাইলট এরিয়া হিসেবে নির্বাচিত মতিঝিল গণপূর্ত বিভাগের আওতাধীন আবাসিক কলোনীতে বসবাসকারীগণ দৈনন্দিন মেরামত ও রক্ষনাবেক্ষণের অভিযোগ Website থেকে সরাসরি দাখিল করতে পারবে এবং SMS Notification এর মাধ্যমে সেবা প্রাপ্তির অগ্রগতি সর্ম্পকে অবগত হবেন।পরবর্তী কার্যক্রমে আজিমপুর গণপূর্ত বিভাগকে অন্তর্ভূক্ত করার কাজ প্রক্রিয়াধীন ।

**সিদ্ধান্ত ঃ** (ক) ই-সেবা কার্যএম নিয়মিতভাবে হালনাগাদ করার কার্যএম অব্যাহত রাখতে হবে।

(খ) যে সমস্ত কর্মকর্তার PMIS ID Registration এখনও সম্পন্ন হয়নি, তাদের তথ্যাদি ব্যক্তিগত টেলিফোন যোগাযোগের মাধ্যমে তথ্য সংগ্রহ করে কার্যএম সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) / নির্বাহী প্রকৌশলী (এম.আই.এস.সেল), গণপূর্ত অধিদপ্তর,ঢাকা।

আলোচ্যসূচী-৬ ঃ **শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন:**

**আলোচনা ঃ** সভায় জানানো হয় ১২/০৫/২০১৫ তারিখে প্রধান প্রকৌশলীর কার্যালয়ে নৈতিকতা কমিটির সর্বশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। নৈতিকতা কমিটির পরবর্তি সভা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** নৈতিকতা কমিটির পরবর্তি সভার তারিখ সংশ্লিষ্ট সকলকে অবহিত করে পত্র দিতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) / নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আলোচ্যসূচী-৭ (ক)ঃ **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) (APA) ঃ**

**আলোচনা ঃ** সভায় জানানো হয়, কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সে অনুযায়ী গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তরের মধ্যে সম্পাদিত কর্মসম্পাদন চুক্তি এবং মাঠ পর্যয়ের সাথে প্রধান প্রকৌশলীর দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ সকল তথ্য গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। সভাপতি চুক্তি সম্পর্কিত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তি মাসের ১০ তারিখের মধ্যে প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণের উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্তঃ**
(ক) কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে এবং এর অর্জিত অগ্রগতি নিয়মিত ভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী মাঠ পর্যায়ের মাসিক প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন- ঢাকা/ চট্রগ্রাম/ সিলেট/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ খুলনা/ ই-এম, ঢাকা/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আলোচ্যসূচী-ঃ ৭ **(খ) : e-Tendering:**

**আলোচনা ঃ** সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং অগ্রগতির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

প্রধান প্রকৌশলী মহোদয়ের নির্দেশনা অনুযায়ী জুলাই/২০১৬খ্রিঃ পর্যন্ত সর্বমোট ৯৯৮টি tender e-gp এর মাধ্যমে আহবান করা হয়েছে। তন্মধ্যে প্রায় ৫৫০টি দরপত্রের নিস্পত্তি হয়েছে। MIS Cellকর্তৃক গণপূর্ত অধিদপ্তরের জন্য e-gp নির্দেশিকা প্রস্তুত করে মাঠ পর্যায়ে বিতরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। ২০১৫ -২০১৬খ্রিঃ অর্থ বৎসরের বিভাগ ভিত্তিক e-gp Tendering এর অগ্রগতি প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। অদ্যাবধি ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, ঢাকা রক্ষণাবেক্ষণ বিভাগ, নারায়নগন্জ গণপূর্ত বিভাগ, মুন্সীগন্জ গণপূর্ত বিভাগ, টাঙ্গাইল গণপূর্ত বিভাগ,কিশোরগন্জ গণপূর্ত বিভাগ, রাঙ্গামাটি গণপূর্ত বিভাগ, খাগড়াছড়ি গণপূর্ত বিভাগ, বান্দরবান গণপূর্ত বিভাগ, নোয়াখালী গণপূর্ত বিভাগ, ফেণী গণপূর্ত বিভাগ, বগুড়া গণপূর্ত বিভাগ, সিরাজগন্জ গণপূর্ত বিভাগ, জয়পুরহাট গণপূর্ত বিভাগ, পঞ্চগড় গণপূর্ত বিভাগ, লালমনিরহাট গণপূর্ত বিভাগসহ ১৭টি বিভাগে ই-টেন্ডারিং কার্যক্রম শুরু হয় নি। সভাপতি সংশ্লিষ্ট সকলকে ই-টেন্ডারিং এর আওতায় কার্যক্রম গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। সভায় আরও জানানো হয় e-gp Tendering এর বিষয়টি বার্ষিক সম্মেলন /২০১৫-২০১৬ তে বিস্তারিত ভাবে আলোচনা হয়েছে। এবং মাঠ পর্যায়ে সর্বাত্মক প্রস্তুতি গ্রহণের নির্দেশনা দেওয়া হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** ডিসেম্বর/২০১৬খ্রিঃ এর মধ্যে ১০০ ভাগ টেন্ডার ই-টেন্ডারিং এর মাধ্যমে করার লক্ষ্যে প্রস্তুতি গ্রহণের বিষয়টি পুনরায় মাঠ পর্যায়ে অবহিত করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) / নির্বাহী প্রকৌশলী (এম.আই.এস.সেল), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী-ঃ (৭) (গ) প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ-এর চাহিত প্রতিবেদন প্রেরণ:**

**আলোচনা ঃ** সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের প্রতিবেদন ০২/০৮/২০১৬ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ ধরনের প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে নির্ধারিত সময়সীমা কঠোরভাবে অনুসরনের উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের প্রতিবেদন প্রতি মাসের ০২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ খোরশেদ আলম )
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

অতীব জরুরী

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৬.০০৫.১২- ২০৩(২২) প্রগতি তারিখঃ ৩০ /০৪/১৪২৩ বঙ্গাব্দ / ১৪/০৮/২০১৬ খ্রিস্টাব্দ

বিতরন ঃ

১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন- ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/বরিশাল/খুলনা/ ই-এম, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী- সংস্থাপন/উন্নয়ন/মনিটরিং এন্ড অডিট, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ।
৪। উপ-সচিব (প্রশাসন-৩ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫। আইন কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী- সংস্থাপন/ সমন্বয়/ তদন্ত/ এম.আই.এস.সেল/অডিট, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী- ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৯। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস) এর ব্যক্তিগত সহকারী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(মোসলেহ উদ্দীন আহাম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৬ ৮৯১৪ ফ্যাক্স ঃ ৯৫৫৪৬২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**<u>গণপূর্ত অধিদপ্তর, প্রগতি শাখা, ঢাকা</u>**

বিষয় ঃ- মাসিক প্রাক-সমন্বয় সভা।

সভার তারিখ ও স্থান ঃ- ১১/০৮/২০১৬, রোজ বৃহস্পতিবার, দুপুর-১২.০০ ঘটিকায়।

সভার স্থান ঃ- প্রধান প্রকৌশলীর সভাকক্ষ।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের ঠিকানা, টেলিফোন / মোবাইল নম্বর | কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মোঃ মজিবর রহমান<br>উ.ব.প্র সং স্থাপন | 01794-113848 | [signature] |
| ২। | মো! আব্দুল [illegible]<br>[illegible] | 01715-340988 | [signature] |
| ৩। | মোসলেহ উদ্দীন আহম্মদ<br>উ: প্র: (সমন্বয়) | 01552 401158 | [signature] |
| ৪। | মো: তাহসিন উদ্দিন জোয়ার্দার,<br>উ:প্র (উন্নয়ন) | 01819-245139 | [signature] ১১/৮ |
| ৫। | কাজী সাখাওয়াত আলী-<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী- | সেগুন সার্কেল<br>০১৮১৯৬৯০৭৭৬ | [signature] ১১/৮ |
| ৬। | মো: মফিজ উদ্দিন তালুকদার-<br>নির্বাহী-প্রকৌশলী | অডিট বিভাগ<br>01817-599288 | [signature]<br>১১/৮/১৬ |
| ৭। | ইসরাত সাবরিনা<br>নির্বাহী প্রকৌশলী | সংস্থাপন-<br>01552407402 | Sabrina<br>১১/৮/১৬ |
| ৮। | হুমায়েরা বিনতে রেজা<br>নির্বাহী প্রকৌশলী | MIS Cell<br>01813210418 | [signature]<br>১১/৮/১৬ |
| ৯। | নাহিদ আফরোজ<br>উপ-বিভাগীয় প্রকৌশলী (উন্নয়ন) | উন্নয়ন সেল<br>01742191275 | N. Afroz<br>11.8.16 |
| ১০। | -মোঃ রাশেদ কবির<br>উপ-বিভাগীয় প্রকৌশলী-<br>[illegible] গণপূর্ত উপ-বিভাগ | [illegible] গণপূর্ত উপ-বিভাগ<br>01828-171823 | [signature]<br>১১/৮/১৬ |
| ১১। | মো: মফিজুল হক ভূঁইয়া,<br>ডি.এ.৩. | 01718803203 | [signature] |
| ১২। | | | |
| ১৩। | | | |
| ১৪। | | | |